

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১২৮৭(আগরতলা, ১৭।৭)
বিশালগড়, ১৭ জুলাই, ২০১৭

দেবীপুর ও পাথালিয়ায় লোক সংস্কৃতি উৎসব

বিশালগড় ব্লকের দেবীপুর এবং পাথালিয়া গ্রাম পঞ্চায়েত ভিত্তিক লোক সংস্কৃতি উৎসব গত ১৪ জুলাই অনুষ্ঠিত হয়। কেনানীয়া বাজার নাট মন্দিরে অনুষ্ঠিত হয় দেবীপুর গ্রাম পঞ্চায়েত ভিত্তিক লোক সংস্কৃতি উৎসব। এতে উপস্থিত ছিলেন পঞ্চায়েত প্রধান শচীরানী দেববর্মা, উপ প্রধান ভূষণ দত্ত, পঞ্চায়েত সদস্য রঞ্জন দেব, শিশির বরণ চক্রবর্তী প্রমুখ। সংশ্লিষ্ট পঞ্চায়েত এলাকার শিল্পীরা অনুষ্ঠানে লোক সঙ্গীত ও বাউল পরিবেশন করেন। অনুরূপভাবে পাথালিয়া গ্রাম পঞ্চায়েত কার্যালয়ের হলে অনুষ্ঠিত হয় পাথালিয়া পঞ্চায়েত ভিত্তিক লোক সংস্কৃতি উৎসব। এতে উপস্থিত ছিলেন পঞ্চায়েত প্রধান গৌরাঙ্গ ভৌমিক, উপ প্রধান গীতারানী দাস, পঞ্চায়েত সদস্য কাজলরানী দাস, শিল্পী মজুমদার এবং পঞ্চায়েত সদস্য আতিকুল ইসলাম। লোক সংস্কৃতি উৎসবে সংশ্লিষ্ট পঞ্চায়েত এলাকার শিল্পীরা লোক সঙ্গীত পরিবেশন করেন।

D.N